

উপজেলা আইসিটি কমিটির ফেব্রুয়ারি, ২০২২ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : রুবাইয়াৎ ফেরদৌসী
উপজেলা নির্বাহী অফিসার
সভার তারিখ : ২০ ফেব্রুয়ারি ২০২২ খ্রি.
সভার সময় : সকাল ১০.৩০ ঘটিকা
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের সভাকক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যকে স্বাগত জানান। অতঃপর উপজেলা আইসিটি কমিটির বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা অনুমোদন এবং দৃঢ়করণ করা হয়। সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টাল হালনাগাদকরণঃ কুলিয়ারচর উপজেলার ওয়েবপোর্টাল হালনাগাদকরণ নিয়ে পর্যালোচনা করা হয়। উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারী প্রতিষ্ঠানের ওয়েবপোর্টালের তথ্য হালনাগাদ করণে করণীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	উপজেলার ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে। উপজেলার সকল সরকারি দপ্তরের পোর্টালসমূহ হালনাগাদের বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে।	১। সকল দপ্তর প্রধানগণ, কুলিয়ারচর, কিশোরগঞ্জ। ২। সহকারী প্রোগ্রামার, কুলিয়ারচর, কিশোরগঞ্জ। ৩। ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা (সকল), কুলিয়ারচর, কিশোরগঞ্জ।
০২	ই-নথি বাস্তবায়ন সংক্রান্তঃ ই-নথি কার্যক্রমের বিষয়ে সভায় আলোচনা করা হয়। বর্তমানে ই-নথি সার্ভারের স্থানান্তর প্রক্রিয়া সম্পন্ন হয়েছে এবং ই-নথিতে সকল কার্যক্রম স্বাভাবিকভাবে করা যাচ্ছে।	অফিসের স্বাভাবিক কার্যক্রম যেমন-বিভিন্ন রিপোর্ট রিটার্ন ও প্রতিবেদনসমূহ ই-নথির মাধ্যমে বাস্তবায়ন করতে হবে।	সকল দপ্তর প্রধানগণ, কুলিয়ারচর, কিশোরগঞ্জ।
০৩	ই-মেইলের ব্যবহার বৃদ্ধিঃ সকল চিঠিপত্র হার্ড কপি পাশাপাশি সফট কপি ই-মেইলের মাধ্যমে প্রেরণের জন্য সভাপতি কর্তৃক গুরুত্বারোপ করা হয়।	প্রতিদিন নিয়মিতভাবে স্ব-স্ব ই-মেইল ও ই-মেইলের মাধ্যমে তথ্য আদান প্রদান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা আইসিটি কমিটির সকল সদস্যবৃন্দ।
০৪	উপজেলা/পৌর/ইউনিয়ন ডিজিটাল সেন্টার কার্যক্রম সংক্রান্তঃ কুলিয়ারচর উপজেলায় বিদ্যমান ৬ টি ইউডিসি এবং ১ টি পিডিসি নিয়মিতভাবে পরিদর্শন ও তদারকিসহ পরিদর্শনের সময় ইউডিসির আয় ও প্রদত্ত সেবার মান পর্যবেক্ষণ করার জন্য এবং নিয়মিত ডিজিটাল সেন্টার পরিদর্শন করার জন্য অনুরোধ করা হয়।	নিয়মিতভাবে ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহ পরিদর্শন ও তদারকি করতে হবে এবং পরিদর্শনের সময় ইউডিসির আয় ও প্রদত্ত সেবার মান পর্যবেক্ষণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার, কুলিয়ারচর, কিশোরগঞ্জ।
০৬	শেখ রাসেল ডিজিটাল ল্যাবঃ কুলিয়ারচর উপজেলায় মোট ৮ টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে। ল্যাবগুলো যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। শেখ রাসেল ডিজিটাল ল্যাব ব্যবহার করে শিক্ষকগণ যাতে কন্টেন্ট তৈরি করতে পারেন এ বিষয়ে নির্দেশনা দেয়া হয়েছে। নিয়মিত ল্যাব পরিদর্শন করার জন্য অনুরোধ করা হয়।	শেখ রাসেল ডিজিটাল ল্যাব তদারকি অব্যাহত রাখতে হবে। নিয়মিত ল্যাব পরিদর্শন করতে হবে এবং সে অনুযায়ী রিপোর্ট করতে হবে।	সহকারী প্রোগ্রামার, কুলিয়ারচর, কিশোরগঞ্জ।
০৭	শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুমঃ কুলিয়ারচর উপজেলায় মোট ২১ টি শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম রয়েছে। শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম ব্যবহার করে শিক্ষকগণ যাতে কন্টেন্ট তৈরি করতে পারেন এ বিষয়ে নির্দেশনা দেয়া হয়েছে। নিয়মিত ল্যাব পরিদর্শন করার জন্য অনুরোধ করা হয়।	শেখ রাসেল ডিজিটাল ক্লাসরুম তদারকি অব্যাহত রাখতে হবে। নিয়মিত ল্যাব পরিদর্শন করতে হবে এবং সে অনুযায়ী রিপোর্ট করতে হবে।	সহকারী প্রোগ্রামার, কুলিয়ারচর, কিশোরগঞ্জ।

ক্রমিক	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০৮	বিবিধঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাস্তবায়নধীন ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্পের আওতায় কুলিয়ারচর উপজেলার ৩ টি ইউনিয়নে ইন্টারনেট (ব্রডব্যান্ড সার্ভার) এর কাজ সম্পন্ন হয়েছে এবং ৩ টি ইউনিয়নে কাজ চলমান রয়েছে। বর্তমানে সকল ইউনিয়নের সার্বিক তথ্যাদি এবং যেসব ইউনিয়নে ইন্টারনেট সমস্যা রয়েছে সেসব করণীয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	সার্ভারসমূহ নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে।	সহকারী প্রোগ্রামার, কুলিয়ারচর, কিশোরগঞ্জ।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০/০২/২০২২

(কবাইয়াৎ ফেরদৌসী)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি, উপজেলা আইসিটি কমিটি

কুলিয়ারচর, কিশোরগঞ্জ

unokuliarchar@mopa.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০৪.৪৮৫৪.০০০.০৬.০০১.২১-২৭

তারিখ: ২০ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মাননীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-৬ ও উপদেষ্টা, উপজেলা আইসিটি কমিটি, কুলিয়ারচর, কিশোরগঞ্জ।
- ২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ।
- ৩) উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলিয়ারচর, কিশোরগঞ্জ।
- ৪) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কিশোরগঞ্জ।
- ৫) , সদস্য, উপজেলা আইসিটি কমিটি, কুলিয়ারচর, কিশোরগঞ্জ।

২০/২/২০২২

(মোঃ রাকিবুল হাসান)

সহকারী প্রোগ্রামার

ও

সদস্য সচিব, উপজেলা আইসিটি কমিটি

কুলিয়ারচর, কিশোরগঞ্জ